## ক্যান্টনমেণ্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
## ঢাকা ক্যান্টনমেণ্ট, ঢাকা।

=================

### ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ৩০-৫-৯৬ইং তারিখের সভার কার্যবিবরণী।

==============================================

ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের মাসিক সভা ৩০-৫-৯৬ইং বেলা ১২-০০ ঘটিকায় ক্যান্টনমেণ্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মঞ্জুর আহমেদ মোল্লা<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক,<br>সম্মিলিত সামরিক হাসপাতাল,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহিদুজ্জামান খান(জি)(সিডি), পিএসসি<br>অধিনায়ক,<br>বি এন এস হাজী মহসিন,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি<br>অধিনায়ক,<br>প্রশাসনিক শাখা,<br>বি এ এফ বেস বাশার,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ সহিদুর রহমান, পিএসসি<br>সি এম ই এস (আর্মি),<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান,<br>১৪/এ, ক্যান্টনমেণ্ট আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৬। | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ(অবঃ)<br>৩২, ডি ও এইচ এস, বনানী,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৭। | জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন<br>প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক,<br>ক্যান্টনমেণ্ট এক্সিকিউটিভ অফিসার,<br>ঢাকা ক্যান্টনমেণ্ট। | - সেক্রেটারী | - উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**প্রস্তাব নং-১ঃ** বিগত ১১-৪-৯৬ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিগত ১১-৪-৯৬ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল। পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাব নং-৪, ১৫ ও ২৮ এ বর্ণিত বিষয়ের কার্যক্রম গ্রহণ করা হয় নাই। সুতরাং পরবর্তী বোর্ড সভায় পূর্বে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত প্রদান করা হইল। ইহাছাড়া উক্ত সভার ১৩ নং প্রস্তাবে বর্ণিত জোয়ার সাহারা ডি ও এইচ এস এলাকার পূর্ব সীমানায় প্রাচীর নির্মানের জন্য পানি ও নাইট সয়েল অপসারনের ১,৮৭,৬৮৯·১৫ টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হইল।

২য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২ ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের মার্চ'৯৬ ও এপ্রিল'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের মার্চ'৯৬ ও এপ্রিল'৯৬ মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৩ ঃ** মার্চ'৯৬ ও এপ্রিল'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের মার্চ'৯৬ ও এপ্রিল'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৪ ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৫-৯৬ আর্থিক সালের আয়-ব্যয়ের সংশোধিত বাজেট অনুমোদন করন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের ১৯৯৫-৯৬ সালের সংশোধিত বাজেট পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-৫ ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের সদস্য হিসাবে লগ এরিয়ার একজন সদস্য নিয়োগ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করণ। এতদ্বিষয়ে লগ এরিয়া, ঢাকা সেনানিবাসের ১১-৫-৯৬ইং তারিখের ৩০৫৫/৯/কিউ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের সদস্য হিসাবে লগ এরিয়ার একজন সদস্য নিয়োগের ব্যাপারে বিশদ আলোচনান্তে অত্র বোর্ডের সাংগঠনিক বিষয় উল্লেখপূর্বক বর্তমান অবস্থার বিবরণসহ লগ এরিয়াকে লিখিতভাবে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৬ ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের মূল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | জোয়ার সাহারা ডি ও এইচ এস এলাকার সলিং রাস্তা (ওয়েষ্টার্ণ রোড) মেরামত করণ। = | ১,৬৬,৩৯৮'০০ | মেসার্স কালাম ট্রেডার্স | ১৪% উর্ধে |
| (২) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন এলাকায় আর সি সি স্লাবের উপর জি আই শীটের ডাষ্টবিন ঢাকনাসহ তৈরী করণ। = | ৪৯,৭৬৫'১২ | মেসার্স এম আর আমিন ট্রেডার্স। | ৯'৯৯% উর্ধে |
| (৩) | ঢাকা সেনানিবাসের শহীদ সরণীর ফুটপাতের ওয়াল এবং ফুটপাতের আর সি সি স্লাব মেরামত কাজ করণ। = | ৪৯,৮৪৭'১০ | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন। | ১২% উর্ধে |
| (৪) | ঢাকা সেনানিবাসের ক্যান্টনমেণ্ট বোর্ড এলাকার সামরিক জমির সীমানায় সীমানা পিলার নির্মাণ করণ। = | ২০,১২৫'০০ | মেসার্স ভাই ভাই কনষ্ট্রাকশন | ১৭% উর্ধে |

**গৃহীত সিদ্ধান্ত ঃ** (১) ১০% উর্ধে দর অনুমোদিত।
(২) ৯% উর্ধ দর অনুমোদিত।
(৩) ১০% উর্ধ দর অনুমোদিত।
(৪) ১২% উর্ধ দর অনুমোদিত।

**প্রস্তাব নং-৭ ঃ** ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদের সম্মুখের হার্ড ষ্ট্যান্ড নির্মাণ কাজের ৪,৮৪,৯৯৯'৭২ টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদের সম্মুখের হার্ড ষ্ট্যান্ড নির্মাণ কাজের ৪,৮৪,৯৯৯'৭২ টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-৮ ঃ** ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদের সম্মুখের হার্ড ষ্ট্যান্ড নির্মাণ কাজটি মেসার্স দি এসোসিয়েটস কর্তৃক সম্পন্ন হওয়ায় কাজটি বুঝিয়া নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা।

৩য় পৃঃদ্রঃ

[illegible] হার্ড স্ট্যান্ড নির্মাণ কাজটি বুঝিয়া নেওয়ার
[illegible] কেন্দ্রীয় মসজিদের সম্মুখের
[illegible] নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠণের সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

[illegible] মোঃ [illegible] রশিদ আকন্দ - আহবায়ক
[illegible] এইচ ও, ঢাকা সেনানিবাস।

[illegible] মোঃ [illegible] খান - সদস্য
[illegible], ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

[illegible] বোর্ডের সংশ্লিষ্ট প্রকৌশলী - সদস্য।

[illegible] ডি ও এইচ এস এলাকায় জমাকৃত বৃষ্টির পানি অপসারণের নিমিত্তে কাঁচা ড্রেন
[illegible] ৩৮,৮১০.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

[illegible] ডি ও এইচ এস এলাকায় বৃষ্টি পানি অপসারনের নিমিত্তে কাঁচা ড্রেন নির্মাণের
[illegible],৮১০.০০ টাকার মূল্যানুমানটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

[illegible] এলাকায় সব প্লটের মধ্যবর্তী খোলা জায়গায় ১(এক) জন ৪র্থ শ্রেণীর
[illegible] নির্মান কাজটি মেসার্স দিলদার এন্টারপ্রাইজ কর্তৃক সম্পন্ন হওয়ায়
[illegible] সিদ্ধান্ত গ্রহণ করা।

[illegible] এলাকার সব প্লটের মধ্যবর্তী খোলা জায়গায় ১(এক) জন ৪র্থ শ্রেণীর
[illegible] নির্মান কাজটি মেসার্স দিলদার এন্টারপ্রাইজ কর্তৃক সম্পন্ন হওয়ায়
[illegible] নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল ঃ-

[illegible] মোঃ [illegible] খান - আহবায়ক
[illegible], ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

[illegible] বোর্ডের সংশ্লিষ্ট প্রকৌশলী - সদস্য।

[illegible] ডি ও এইচ এস এলাকার বিভিন্ন রাস্তার নাম সম্বলিত ২২(বাইশ)টি পাকা
[illegible] ৩৩,২৮৪.৪৬ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

[illegible] ডি ও এইচ এস এলাকার বিভিন্ন রাস্তার নাম সম্বলিত ২২(বাইশ)টি পাকা
[illegible] ৩৩,২৮৪.৪৬ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

[illegible] শপিং কমপ্লেক্স নির্মাণের ৫,০০,৬৩,৯৯৯.১৭ টাকার
[illegible] অনুমোদন করণ।

[illegible] মার্কেটে একটি আধুনিক শপিং কমপ্লেক্স নির্মাণের বিষয়ে সভায় বিশদ
[illegible] জানা যায় যে, ইতোপূর্বে বাংলাদেশ সেনাবাহিনীর
[illegible], চলাচল ও বাসস্থান পরিদপ্তর, পরিচালক, সামরিক ভূমি ও
[illegible], নগ এরিয়ার প্রতিনিধি, স্টেশন কমান্ডার, সি এম ই এস(আর্মি)
[illegible] স্থান পরিদর্শন পূর্বক দুইটি লিফটের সুবিধাসহ আটতলা ভবনের
[illegible] পর্যন্ত ভবন নির্মানের একটি নকসা ও মূল্যানুমান তৈরীর
[illegible] নির্দেশ প্রদান করা হয়। তদানুযায়ী সংশ্লিষ্ট কনসালটেন্টের
[illegible] ও মূল্যানুমান অদ্যকার সভায় পেশ করা হইয়াছে। উক্ত প্রেক্ষিতে ঢাকা
[illegible] আধুনিক শপিং কমপ্লেক্স নির্মাণের ৫,০০,৬৩,৯৯৯.১৭ টাকার
[illegible] করা হইল। উক্ত নকসা ও মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের
[illegible], ঢাকা সেনানিবাসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

[illegible], ডি ও এইচ এস, মহাখালী, ঢাকা সেনানিবাসের জন্য আসবাবপত্র
[illegible] টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

[illegible], ডি ও এইচ এস, মহাখালী, ঢাকা সেনানিবাসের জন্য আসবাবপত্র
[illegible] টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

৪র্থ পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১৪ ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বিকল্প দশ বৎসর মেয়াদী বরাদ্দকৃত দোকানগুলির মেয়াদান্তে পরবর্তী ১০(দশ) বৎসরের ইজারা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে গত ২৯-৬-৯৫ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৭ নং গৃহীত সিদ্ধান্ত, আইন উপদেষ্টার মতামত এবং আগামী ৩০-৬-৯৬ইং তারিখের মধ্যে যে সকল দোকানের বরাদ্দ মেয়াদ শেষ হইয়া যাইবে সে সকল দোকানের তালিকা পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বিকল্প ১০(দশ) বৎসর মেয়াদী বরাদ্দকৃত দোকানগুলির বর্তমান বাজার মূল্য নিরুপণ করিয়া ইজারার মেয়াদান্তে আগামী ৩০(ত্রিশ)বৎসরের জন্য আগ্রহী দোকানদারদেরকে ইজারা দেওয়ার ব্যাপারে নিম্নলিখিতভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল ঃ-

(ক) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ — আহবায়ক
এস এইচ ও, ঢাকা সেনানিবাস।

(খ) সি এম ই এস(আর্মি) — সদস্য
ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি।

(গ) অধিনায়ক, — সদস্য
বি এন এস হাজী মহসিন,
ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি।

(ঘ) অধিনায়ক, — সদস্য
প্রশাসনিক শাখা,
বি এ এফ বেস বাশার,
ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি।

উপরোক্ত কমিটি তাহাদের প্রতিবেদন পরবর্তী পর্ষদ সভায় সিদ্ধান্তের জন্য পেশ করিবেন।

**প্রস্তাব নং-১৫ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের নিকট প্রদত্ত ভবনের ভাড়ার মেয়াদ ১৫-৫-৯৬ইং তারিখ শেষ হইয়া গিয়াছে। মাসিক ভাড়া নির্ধারিত ছিল ২০,০৩৪.০০ টাকা। পরবর্তী মেয়াদ এবং ভাড়া নির্ধারণের নিমিত্তে ব্যাংক কর্তৃপক্ষের ২৩-৪-৯৬ইং তারিখের আবেদনটি উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের নিকট প্রদত্ত ভবনের ভাড়ার মেয়াদান্তে একই ভাড়ায় পরবর্তী ১(এক) বৎসরের জন্য চুক্তি নবায়নের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-১৬ঃ** জনতা ব্যাংক, ক্যান্টনমেন্ট সুপার মার্কেট শাখার পশ্চিম পার্শ্বে খালী জায়গায় ৪০'X৩০' ফুট বিশিষ্ট একটি আধুনিক হোটেলের জন্য দোকান বরাদ্দের ব্যাপারে মাননীয় রাষ্ট্রপতিকে সম্বোধিত জনাব হারুন-অর-রশিদ এর আবেদনসহ প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** জনতা ব্যাংক, ক্যান্টনমেন্ট সুপার মার্কেট শাখার পার্শ্বের খালী জায়গাটি মাষ্টার প্ল্যান অনুযায়ী পার্কিং এর জন্য ব্যবহৃত হইতেছে। এমতাবস্থায় উক্ত জায়গায় ৪০'X৩০' ফুট বিশিষ্ট আধুনিক হোটেল নির্মাণ করা হইলে গাড়ী পার্কিংয়ে খুবই অসুবিধার সৃষ্টি হইবে। ইহাছাড়া পশ্চিম ও দক্ষিণের সড়কে সর্বদাই যানজটের সৃষ্টি হইয়া জনসাধারনের চলাচলের চরম বিঘ্ন সৃষ্টি হইবে বিধায় হোটেলের জন্য প্রার্থীত জায়গা বরাদ্দের বিষয়টি বিবেচনা করা গেল না। উক্ত প্রেক্ষিতে আবেদনকারীকে যথাসময়ে নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান বরাদ্দের জন্য আবেদন করার পরামর্শ দেওয়া যাইতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৭ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান/দোকানের জায়গা বরাদ্দের বিষয়ে বোর্ডের সাবেক ইলেকট্রিক লাইনম্যান হেলপার মৃত মোঃ নুরু মিয়ার বিধবা স্ত্রী মিসেস সাবেরা বেগম এর আবেদনপত্রসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩-১২-৯৫ইং তারিখের ৭/এমএলএনডিসি/ঢাকা/১৩০-এ-২/২২ নং পত্র উপস্থাপন করা হইল।

৫ম পৃঃদ্রঃ

**গৃহীত সিদ্ধান্ত :** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বর্তমানে কোন দোকান/দোকানের জায়গা খালি নাই। ভবিষ্যতে দোকান নির্মান করা হইলে আবেদনটি বিবেচনার জন্য পুনরায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৮ :** দোকানের ভাড়ার উপর সারচার্জ মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে আবেদনপত্রগুলি পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত :** দোকানের ভাড়ার উপর সারচার্জ মওকুফের বিষয়ে আলোচনান্তে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল :-

(ক) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ
এস এইচ ও, ঢাকা সেনানিবাস। - আহবায়ক

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্য
গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি
এর প্রতিনিধি স্কোয়াড্রন লীডার হুমায়ুন কবির। - সদস্য

(গ) রেভিনিউ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - সদস্য

আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, উপরোক্ত কমিটি তাহাদের প্রতিবেদন পরবর্তী সভায় সিদ্ধান্তের জন্য পেশ করিবেন।

**প্রস্তাব নং-১৯:** মহাখালী ডি ও এইচ এস প্লট নং-৩৮১ এর গৃহকর মওকুফের ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত:** মহাখালী ডি ও এইচ এস প্লট নং-৩৮১ এর গৃহকর মওকুফ করা ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষমতা বহির্ভূত বিধায় বিষয়টি অনুমোদন করা গেল না।

**প্রস্তাব নং-২০:** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থিত বি/২০ নং দোকানটি উত্তরমুখী। বর্তমানে দোকানের দক্ষিণ পার্শ্বে কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক নির্মাণ করা হইয়াছে বিধায় দোকানটি দক্ষিণমুখী করার আবেদন জানান। এমতাবস্থায় অনুমতি প্রদানের বিষয়ে সুবেদার (অবঃ) কে এম আজিজুল হক এর আবেদন পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত :** প্রস্তাবিত বিষয়টির ব্যাপারে আলোচনান্তে সি ই ও কর্তৃক একটি পূর্ণাংগ প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব-২১:** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৪৩/এফ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব ফিদা হোসেন অত্র দপ্তরের অনুমতিক্রমে মিসেস সারা বিলাল মামুন ও মিসেস মেহেরুন্নেছা ইব্রাহীম মামুন এর নিকট উক্ত সম্পত্তি বিক্রয় করায় ক্রেতাগণের নামে নামজারী করার আবেদন জানান। উক্ত নামজারীর বিষয়ে সিদ্ধান্তের নিমিত্তে আবেদন পত্রাদি ও আইন উপদেষ্টার মতামত পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত:** প্রস্তাবিত নামজারীর অনুমোদন দেওয়া হইল।

**প্রস্তাব নং-২২:** অত্র দপ্তরের ট্যাক্স কালেক্টর জনাব জি এম জুলফিকার আলী এর পেনশনের অনুকূলে অপশন পত্রটি বিবেচনা করুণ। পেনশন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজ পত্রাদি উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত :** আবেদন কারীর পেনশন অনুমোদনের অপশন পত্র উর্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২৩:** মিসেস ফিরোজা মেসবাহ এর স্বামী মরহুম বিএ-১২০৭ কর্ণেল মোঃ মেসবাহ-উর-রহমান এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ২৪-৪-৯৬ইং তারিখের আবেদন পত্র বিবেচনা ও অনুমোদন করণ এ ব্যাপারে এরিয়া সদর দপ্তর, মোমেনশাহী সেনানিবাসের ২৪-৪-৯৬ ইং তারিখের ১১০/১/এ নং পত্র উপস্থাপন করা গেল।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

**গৃহীত সিদ্ধান্ত ঃ** মিসেস ফিরোজা মেসবাহ এর স্বামী-মরহুম বিএ-১২০৭ কর্ণেল মোঃ মেসবাহ-উর-রহমান এর কবর পাকা করার আবেদন সর্বসম্মতিক্রমে মঞ্জুর করা হইল।

**প্রস্তাব নং-২৪ঃ** কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক নির্মাণের প্রেক্ষিতে ভাংগিয়া ফেলা ৬(ছয়)টি চাউলের আড়ত নির্মাণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবিত ৬(ছয়)টি চাউলের আড়ত পূর্বের পরিমাপ অনুযায়ী বি ব্লকের ১৫ নম্বর চাউলের আড়তের উত্তর পার্শ্বে খালী জায়গায় নির্মানের স্থান নির্ধারণ করা হইল। পরবর্তী বোর্ড সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নকসা ও মূল্যানুমান উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২৫ঃ** ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৫(পাঁচ)টি বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষা৯৬ এর প্রশ্নপত্র ছাপানোর জন্য সেবা প্রিন্টিং প্রেস কর্তৃক ৫১,৮৭০.০০ টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ। এব্যাপারে প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। এ বিষয়ে আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত খরচের টাকা সংশ্লিষ্ট বিদ্যালয় সমূহ হইতে ছাত্র-ছাত্রীর সংখ্যার আনুপাতিক হারে পরিশোধ করিতে হইবে।

**প্রস্তাব নং-২৬ঃ** বিবিধ ঃ

(১) শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্যান্টিন ইজারার ব্যাপারে লগ এরিয়া, ঢাকা সেনানিবাসের ৩১-৮-৯৪ইং তারিখের ৪০২৬/২/এ নং পত্র উপস্থাপন করা হইল।

(২) ক্যান্টনমেণ্ট সুপার মার্কেটের মাষ্টার প্ল্যান বহির্ভূত অস্থায়ী দোকান পাট উচ্ছেদ, পরিস্কার-পরিচ্ছন্নতার উন্নতি সাধন ইত্যাদি ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সেনা সদর, কিউ এম জি'র শাখা, ঢাকা সেনানিবাসের ৩৯০১/৪/এমকিউ-২/X নং পত্র উপস্থাপন করা হইল।

(৩) ক্যান্টনমেণ্ট সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের বিষয়ে প্রধান মন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক ব্রিগেডিয়ার মাহতাব-উল-ইসলাম এর আবেদনসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১০-১২-৯৫ইং তারিখের ২/এমএলএনডসি/জেনারেল/২২৬-২/শা-৫/২৫ নং পত্র উপস্থাপন করা হইল।

(৪) ম্যানেজিং ডিরেক্টর, মেসার্স গাজী এন্ড কোং লিমিটেড এর আবেদন পত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) ডি ও এইচ এস বনানী এর প্রাথমিক বিদ্যালয় ভবন সম্প্রসারণ ও দাতব্য চিকিৎসালয়ের আসবাব পত্র ও ঔষধ ক্রয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ**

(১) প্রস্তাবিত বিষয়টির ব্যাপারে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বহাল থাকিবে এবং উক্ত সিদ্ধান্ত মোতাবেক সি ই ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল।

(২) প্রস্তাবিত বিষয়ের আলোকে সেনা সদর, কিউ এম জি'র শাখা, ঢাকা সেনানিবাসের ৩৯০১/৪/এমকিউ-২/X নং পত্রটি আলোচনান্তে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল। এই মর্মে আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, হকারদের জন্য বসার নির্ধারিত স্থান ছাড়া অন্য স্থানে কোন হকার বসতে পারিবে না এবং ক্যান্টনমেণ্ট বোর্ড ইহা নিশ্চিত করিবে।

(৩) ক্যান্টনমেণ্ট সুপার মার্কেটে বর্তমানে যেহেতু কোন দোকান খালি নাই সেহেতু ভবিষ্যতে দোকান নির্মিত হওয়ার পর আবেদনপত্রটি বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হইল।

৭ম পৃঃদ্রঃ

(৪) উপস্থাপিত আবেদন পত্রটি পর্যালোচনান্তে উক্ত ফার্ম কর্তৃক সম্পন্নকৃত কাজটি বুঝিয়া নেওয়ার জন্য নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল ঃ-

(ক) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ - আহবায়ক
এস এইচ ও, ঢাকা সেনানিবাস।

(খ) সি এম ই এস(আর্মি) - সদস্য
ঢাকা সেনানিবাসের একজন প্রতিনিধি।

উপরোক্ত কমিটি কর্তৃক কাজটি বুঝিয়া নেওয়ার প্রতিবেদনসহ উক্ত ফার্মের লাইসেন্স নবায়নের জন্য আবেদনটি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

(৫) বিষয়টি পর্যালোচনান্তে দেখা যায় যে, ডি ও এইচ এস, বনানী এসোসিয়েশন কর্তৃক পরিচালিত অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষ সম্প্রসারণ এবং দাতব্য চিকিৎসা কেন্দ্রের আসবাব পত্র ও ঔষধ ক্রয়ের ব্যাপারে ইতোমধ্যে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ১,২৫,০০০.০০ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা অনুদান হিসাবে বরাদ্দ করা হইয়াছে। সুতরাং উক্ত প্রকল্প সম্পাদনের জন্য পুনরায় ডি ও এইচ এস কমিটির মতামত গ্রহণ করার কোন অবকাশ নাই। এপ্রেক্ষিতে ২৩-১০-৯৫ইং তারিখের অত্র বোর্ডের ৮ নং সিদ্ধান্তের ডি ও এইচ এস কমিটির মতামত গ্রহণ সম্পর্কীয় অংশটুকু বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হইল। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণপূর্বক প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব সি ই ওকে প্রদান করা হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হইল।

(স্বাক্ষর) ২৩/০১/৯৬ (স্বাক্ষর)

(মোঃ আব্দুল হক)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিন)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।